

রাণীশংকৈল পৌরসভা কার্যালয়
রাণীশংকৈল, ঠাকুরগাঁও।

“শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- রাঃপৌঃ/রাণীশংকৈল/২০২৩-২০২৪/ ৩৭৪

তারিখ : ১১/১২/২০২৩ খ্রিঃ

“গাছ নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে , রাণীশংকৈল পৌরসভা আওতাধীন পৌর ভবন নির্মাণ ও শিবদিঘী পৌর মার্কেট উন্নয়নের লক্ষ্যে অনুমোদনকৃত বিভিন্ন প্রজাতির ২৬ টি গাছ নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্ন শর্তসমূহের ভিত্তিতে কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নিকট হতে সীল-মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে :

তফসিল

ক্র: নং	বিবরণ	সরকারী মূল্য	সিডিউল মূল্য
০১	মেহগনি-০৩টি, শিশু-০১ টি, আম-০২ টি, পাকুড়-০১টি, কদম-০১ টি, কাঠাল-০৫ টি, কড়ই-০১টি ও অন্যান্য জ্বালানী-১২ টি, সর্বমোট-২৬ টি	৭৮,৪২১/- টাকা	১০০০/=টাকা


দরপত্র দাখিলের ক্যালেন্ডার

ক্রমিক নং	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম বার দরপত্র বিজ্ঞপ্তি	২৬/১২/২০২৩ খ্রিঃ, রোজ : মঙ্গলবার অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৭/১২/২০২৩ খ্রিঃ, রোজ : বুধবার, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত।	২৭/১২/২০২৩ খ্রিঃ, রোজ : বুধবার, বেলা ৩-০০ ঘটিকা।	উল্লিখিত তারিখ অনুযায়ী কাঙ্ক্ষিত দর না পাওয়া গেলে এবং দাখিলকৃত দর অনুমোদিত না হলে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যে কোন বার দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে
২য় বার দরপত্র বিজ্ঞপ্তি	১০/০১/২০২৪ খ্রিঃ, রোজ : বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত	১১/০১/২০২৪ খ্রিঃ, রোজ : বৃহস্পতিবার, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত।	১১/০১/২০২৪ খ্রিঃ, রোজ : বৃহস্পতিবার, বেলা ৩-০০ ঘটিকা।	

দরপত্র প্রাপ্তির স্থান	দরপত্র দাখিলের স্থান
উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল এর কার্যালয় ও রাণীশংকৈল পৌরসভা কার্যালয়।	উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল এর কার্যালয় ও রাণীশংকৈল পৌরসভা কার্যালয়।

শর্তাবলী

- ০১। দরপত্রে প্রস্তাবিত দরের ১০০% অর্থ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে “মেয়র , রাণীশংকৈল পৌরসভা”- এর অনুকূলে বিডি/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। জামানত বিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২। সর্বোচ্চ দরদাতাকে বিধি মোতাবেক ১০% আয়কর ও ৭.৫% ভ্যাট প্রদান করতে হবে। অন্যথায় প্রদত্ত সমূদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৩। গাছ অপসারণকালে যে কোন সরকারি সম্পত্তির ক্ষতি হলে কৃতকার্য দরদাতা ক্ষতি পূরণ দিতে বাধ্য থাকিবে।
- ০৪। দরদাতাকে কাঠ ব্যবসায়ী হিসাবে সনাক্তকরণের জন্য পৌরসভা হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।
- ০৫। দরপত্রের সহিত দরপত্র দাখিলকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৬। দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। খামের উপরে দরদাতার নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। লেখা কাটিকাটি অথবা ঘসামাজা থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৭। রাণীশংকৈল পৌরসভা কর্তৃক যে কোন শর্ত আরোপ করা হলে দরদাতা তা মানতে বাধ্য থাকবেন। এ ব্যাপারে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না।
- ০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা/অধিকার সংরক্ষণ করেন।


(মোঃ মোস্তাফিজুর রহমান)
মেয়র
রাণীশংকৈল পৌরসভা।


চলমান পাতা-০২

স্মারক নং- রাঃপৌঃ/রাণীশংকৈল/২০২৩-২০২৪/১৭৫(৫০)

তারিখ : ১১/১২/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ০৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
- ০৫। সহকারী কমিশনার (ভূমি), রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
- ০৬। অফিসার ইনচার্জ, রাণীশংকৈল থানা, ঠাকুরগাঁও।
- ০৭। কাউন্সিলর (সকল), অত্র পৌরসভা।
- ০৮। সহকারী প্রকৌশলী/পৌর নির্বাহী কর্মকর্তা, অত্র পৌরসভা।
- ০৯। প্রোঃ ----- । তাকে মাইকযোগে পর ০১(এক) দিন বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
- ১০। জনাব/মের্সাস ----- ।
- ১১। নোটিশ বোর্ড, অত্র পৌরসভা।
- ১২। অফিস কপি।


(মোঃ মোস্তাফিজুর রহমান)
মেয়র
রাণীশংকৈল পৌরসভা।

